# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**পরিচালকের কার্যালয়**
কল্যাণ পরিদপ্তর
বাপাউবো, ওয়াপদা ভবন (১০ম তলা)
মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফোন- ৯৫৫২৪৬৩, ৯৫১১৯৫৪।
ই-মেইল- welfaredte@gmail.com
ওয়েব-মেইল- dir.welfare@bwdb.gov.bd

**OFFICE OF THE DIRECTOR**
Directorate of Welfare
BWDB, Wapda Building (9th Floor)
Motijheel c/a, Dhaka-1000.
Tele- 9552463, 9511954
E-mail- welfaredte@gmail.com
webmail- dir.welfare@bwdb.gov.bd

স্মারক নং-৩৩৬-পাউবো(কল্যাণ)/ বিবিধ-১০১/১৪ — তারিখ ঃ ০৯/০৫/২০১৭ খ্রিস্টাব্দ।

## "দপ্তরাদেশ"

জন প্রশাসন মন্ত্রনালয়ের প্রজ্ঞাপন নং ০৫.০০০০.১২৩.৯৯.০২৬.১০-১৪৮ তারিখঃ ০৫ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ/ ১৯ জুন ২০১৩ খ্রিস্টাব্দ এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং ৪২.০৩২.০২২.০১.০০.০০১.২০১২-৬৫০ তারিখ ২৫ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ/০৯ জুলাই ২০১৩ খ্রিস্টাব্দ মোতাবেক ১৯/০৬/২০১৩ ইং তারিখ থেকে চাকুরীরত অবস্থায় কোন কর্মকর্তা/কর্মচারী মৃত্যুবরণ করলে তাঁর পরিবারের সদস্যদেরকে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা এবং গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষম হলে আহত কর্মকর্তা/কর্মচারীকে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রদানের সিদ্ধান্ত হয়। পরবর্তীতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং ০৫.০০.০০০.১২৩.০৫.০০১.১৬-৭০০ তারিখঃ ১৩ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ/ ২৭ জুন ২০১৬ খ্রিস্টাব্দ মোতাবেক ০১/০৭/২০১৬ ইং তারিখ হতে বেসামরিক প্রশাসনে চাকুরীরত অবস্থায় কোন কর্মকর্তা/কর্মচারী মৃত্যুবরণ করলে তাঁর পরিবারের সদস্যদেরকে ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা এবং গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষম হলে আহত কর্মকর্তা/কর্মচারীকে ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা মঞ্জুরীর বিষয়ে ২৭/০২/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে জারীকৃত অত্রদপ্তরের স্মারক নং-২৮২ (২৪০)-পাউবো(কল্যাণ)/বিবিধ-১০১/১৪ তারিখ ১৪/১১/১৪২৩ বঙ্গাব্দ, ২৮/০৩/২০১৭ খ্রিস্টাব্দ মোতাবেক প্রাপ্ত আবেদন সমূহ যাচাই-বাচাই পূর্বক বর্ণিত কার্যপরিধির আলোকে সুপারিশমালা প্রণয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত ভাবে দুইটি কমিটি গঠন করা হলো ঃ-

**বাছাই কমিটি- ১ ঃ** মৃত্যু/গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষমতাজনিত কারণে আর্থিক সহায়তা প্রদানের নিমিত্ত প্রাপ্ত আবেদন যাচাই-বাছাইয়ের জন্য বোর্ডের কেন্দ্রীয় পর্যায়ে নিম্নে বর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে কমিটি গঠন করা হলো ঃ-

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা | -আহবায়ক |
| ২. | চীফ মনিটরিং, বাপাউবো, ঢাকা | -সদস্য |
| ৩. | সচিব, বাপাউবো, ঢাকা | -সদস্য |
| ৪. | পরিচালক, অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা | -সদস্য |
| ৫. | পরিচালক, কল্যাণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা | -সদস্য-সচিব |
| ৬. | চীফ মেডিক্যাল অফিসার (চীফ মেডিক্যাল অফিসারের অবর্তমানে বোর্ড কর্তৃক নির্ধারিত সমমানের চিকিৎসক) (গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষমতার ক্ষেত্রে)। | -সদস্য |

**কমিটির কার্যপরিধি ঃ**

১. চাকুরীরত অবস্থায় মৃত্যুজনিত ক্ষতিপূরনের আবেদন এর ক্ষেত্রে কমিটি প্রাপ্ত আবেদনপত্র এবং তৎসংশ্লিষ্ট রেকর্ড-পত্রসমূহ পর্যালোচনাপূর্বক সুপারিশ প্রণয়ন করবেন;
২. কমিটি প্রতি অর্থ বছরে কমপক্ষে ২(দুই)টি বৈঠক করবেন;

**মেডিক্যাল কমিটি- ২ ঃ** স্থায়ী অক্ষম কর্মকর্তা/কর্মচারী সনাক্তকরণের জন্য বোর্ডে একটি মাত্র (কেন্দ্রীয় পর্যায়ে) মেডিক্যাল কমিটি থাকবে। নিম্ন বর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে মেডিক্যাল কমিটি গঠন করা হলো ঃ

| | | |
|---|---|---|
| ১. | চীফ মেডিক্যাল অফিসার (চীফ মেডিক্যাল অফিসারের অবর্তমানে বোর্ড কর্তৃক মনোনীত সমমানের চিকিৎসক) | - আহবায়ক |
| ২. | ক্ষতিগ্রস্ত অঙ্গের বিষয়ে একজন বিশেষজ্ঞ চিকিৎসক (বোর্ড কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ৩. | মেডিক্যাল অফিসার (মেডিক্যাল অফিসারের অবর্তমানে বোর্ড কর্তৃক মনোনীত সমমানের চিকিৎসক) | -সদস্য-সচিব |

ডায়েরী নং-২৫২৯ তারিখঃ ২২/৫/১৭
প্রোগ্রামার
সহকারী প্রোগ্রামার ১/২
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী
সিস্টেম এনালিষ্ট- ১/২
◆ জরুরী
◆ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
◆ নথিতে পেশ করুন
◆ নথিতে রাখুন
◆ তাগিদ পত্র দিন

**কমিটির কার্যপরিধি ঃ**

১. মেডিক্যাল কমিটি সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর স্থায়ী অক্ষমতার বিষয়টি পরীক্ষা-নিরীক্ষাপূর্বক তিনি প্রকৃতই স্থায়ী অক্ষম কি-না সে সম্পর্কে প্রতিবেদন কেন্দ্রীয় বাছাই কমিটির নিকট দাখিল করবেন।
বাছাই কমিটির প্রদত্ত সুপারিশ মহাপরিচালক মহোদয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির পর কল্যাণ পরিদপ্তর কর্তৃক প্রয়োজনীয় দপ্তরাদেশ জারী করা হবে।

*[ চলমান পাতা-২ ]*

উক্ত কমিটি বা কমিটির কোন সদস্যের অবর্তমানে প্রয়োজনীয় কার্যসম্পাদনের জন্য পাউবোর্ডের মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে যে কোন সিদ্ধান্ত গ্রহণ করা যাবে।

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে ইহা জারী করা হলো।

**স্বাক্ষরিত/-**
(এ,বি,এম এমদাদুল হক)
পরিচালক
কল্যাণ পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।

স্মারক নং-৩৩৬/১(২০০)--পাউবো(কল্যাণ)/ বিবিধ-১০১/১৪ তারিখ ঃ ০৯/০৫/২০১৭ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ-

১। প্রধান প্রকৌশলী/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল).................................................................................।
২। নিয়ন্ত্রক অর্থ ও হিসাব, বাপাউবো, ঢাকা।
৩। প্রধান পানি ব্যবস্থাপনা,......................................................................... .........................................।
৪। চীফ মনিটরিং, বাপাউবো, ঢাকা।
৫। সচিব, বাপাউবো, ঢাকা।
৬। চীফ মেডিক্যাল অফিসার,বাপাউবো, ঢাকা।
৭। পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী,...............................................................................................।
৮। উপ-পরিচালক/নির্বাহী প্রকৌশলী/উপ-প্রধান সম্প্রসারণ অফিসার/র‌্যাক প্রধান(সকল),........................ ...................।
৯। সিষ্টেম এনালিষ্ট, চীফ মনিটরিং এর দপ্তর বাপাউবো, ঢাকা। অত্র দপ্তরাদেশের একটি কপি (সফ্ট কপি ও হার্ড কপি) এতদ্‌সংগে প্রেরণ পূর্বক বাপাউবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
১০।মেডিক্যাল অফিসার, বাপাউবো, ঢাকা।
১১।সি, এস, ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
১২।ব্যক্তিগত সহকারী অতিঃ মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।

09/05/2017
(মোঃ মোস্তাইন বিল্লাহ)
উপ- পরিচালক
কল্যাণ পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।